গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
উপপরিচালকের কার্যালয়
খুলনা বিভাগ, খুলনা।

স্মারক নম্বর ১২.০২.০০৪০.২০০.১০.০০১.২২-৬৮৪

তারিখ: ১১ জ্যৈষ্ঠ, ১৪৩০
২৫ মে, ২০২৩

বিষয়ঃ সভার কার্যবিবরণীর আলোকে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র:-১ উপপরিচালকের দপ্তর খুলনা এর ০৩/০৫/২৩ তারিখের স্মারক নং- ১২.০২.০০৪০.২০০.১২.০০১.২০-৫৬০ মোতাবেক।
সূত্র:-২ উপপরিচালকের দপ্তর খুলনা এর ১১/০৫/২৩ তারিখের স্মারক নং- ১২.০২.০০৪০.২০০.১২.০০১.২০-৬০৩ মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপপরিচালকের দপ্তর খুলনা এর মে/২৩ মাসের নৈতিকতা কমিটির সভা ও মে/২৩ মাসের দুর্নীতি বিরোধী সভার কার্যবিবরণীর অগ্রগতি প্রতিবেদন আগামী ০৫ জুন, ২০২৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২(দুই) পাতা।

২৫/০৫/২৩

(সিফাত মেহনাজ)
উপপরিচালক(উপসচিব)
কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা।
ফোন-০২৪-৭৭৭০২৬৭৫
ই-মেইল- dd_khudiv@dam.gov.bd

**বিতরণ**

০১) সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, খুলনা/যশোর/কুষ্টিয়া।
০২) সহকারী পরিচালক (প্রশিক্ষণ), খুলনা/যশোর/মাগুরা।
০৩) কৃষি বিপণন কর্মকর্তা, বাগেরহাট/মেহেরপুর/চুয়াডাঙ্গা/ঝিনাইদহ/সাতক্ষীরা/মাগুরা/নড়াইল।
০৪) আঞ্চলিক ব্যবস্থাপক, মাগুরা।
০৫) অফিস কপি।

**অনুলিপিঃ** সদয় অবগতির জন্য

০১) মহাপরিচালক,
কৃষি বিপণন অধিদপ্তর,
খামারবাড়ি, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
উপপরিচালকের কার্যালয়
খুলনা বিভাগ, খুলনা।

**বিভাগীয় দপ্তর এ অনুষ্ঠিত মে/২৩ মাসের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি: জনাব সিফাত মেহনাজ
উপপরিচালক(উপসচিব)
সভার তারিখ: ০৩ মে, ২০২৩
সভর সময়: বেলা: ১১.০০ ঘটিকা
স্থান: সম্মেলন কক্ষ, কৃষি বিপণন ভবন, খুলনা।
উপস্থিতি: পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে, নৈতিকতা কমিটির সভার কাজ আরম্ভ করেন। বিগত ১৭ জানুয়ারি, ২০২৩ তারিখের অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী, গৃহীত কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি সভায় পাঠ করে শোনান হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন/সংযোজন না থাকায় সর্বসম্মতভাবে তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অত:পর কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| ১. | **২০২২-২৩ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন** | সভায় ২০২২-২৩ অর্থ বছরের শুদ্ধাচার ৪র্থ ত্রৈমাসিক এর কর্মপরিকল্পনা পাঠ করে শোনানো হয়। অত:পর ২০২২-২৩ অর্থ বছরের জন্য জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কার্যাদি যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে সভাপতি মহোদয় কর্তৃক সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | বিভাগীয় অফিস ও খুলনা বিভাগের অধীনস্ত কৃষি বিপণন অধিদপ্তরের সকল জেলা এবং আঞ্চলিক কর্মকর্তাগণ। |
| ২. | **সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন** | সভায় সকলকে যার যার দায়িত্ব সততা ও নিষ্ঠার সাথে পালন করার জন্য পুনরায় গুরুত্বারোপ করা হয়। কোন সেবাগ্রহীতা যাতে হয়রানির শিকার না হয় এবং সময়মত সেবা পায় সে বিষয়ে সচেতন থাকার জন্য সকলকে বলা হয়। সভায় আরো জানানো হয় কর্তৃপক্ষের বৈধ আদেশ পালন করা সবার কর্তব্য। কাউকে কোন দায়িত্ব প্রদান করা হলে সেটি যথাযথভাবে পালন করতে হবে মর্মে সভায় নিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় অফিস ও খুলনা বিভাগের অধীনস্ত কৃষি বিপণন অধিদপ্তরের সকল জেলা এবং আঞ্চলিক কর্মকর্তাগণ। |
| ৩. | **অফিস সময় মেনে চলা** | সময়মত অফিসে আসা ও যাওয়ার বিষয়ে গুরুত্ব প্রদান করা হয়। কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অফিস সময়ে বাহিরে না যাওয়া এবং অফিস শেষে কর্তৃপক্ষকে অবগত করে যেতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় অফিস ও খুলনা বিভাগের অধীনস্ত কৃষি বিপণন অধিদপ্তরের সকল জেলা এবং আঞ্চলিক কর্মকর্তাগণ। |
| ৪. | **সম্পদের সুষ্ঠু ব্যবহার** | অফিসের সকল সম্পদ সুষ্ঠুভাবে ব্যবহার করার উপর গুরুত্বারোপ করা হয়। নতুন ক্রয়কৃত মালামাল আবশ্যিকভাবে স্টকভুক্ত করার নির্দেশনা প্রদান করা হয়। যেকোন পুরাতন সামগ্রী মেরামত উত্তর ব্যবহার যোগ্য করা গেলে সে বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা | বিভাগীয় অফিস ও খুলনা বিভাগের অধীনস্ত কৃষি বিপণন অধিদপ্তরের সকল জেলা এবং আঞ্চলিক কর্মকর্তাগণ। |
| ৫. | **বাজেটের যথাযথ ব্যবহার** | জাতীয় পর্যায়ের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সকল প্রকার ব্যয় সংকোচনের সিদ্ধান্ত অনুযায়ী ২০২২-২৩ অর্থ বছরের বাজেটের ব্যয় করেতে হবে। ভ্রমণ ব্যয়, আপ্যায়ন ব্যয় ও অন্যান্য মনিহারি ব্যয় এর বিষয়ে সচেতন থাকতে হবে। অফিস সমূহকে ত্রৈমাসিক ক্রয় পরিকল্পনা অনুসরণ করার জন্য বলা হয়। | বিভাগীয় অফিস ও খুলনা বিভাগের অধীনস্ত কৃষি বিপণন অধিদপ্তরের সকল জেলা এবং আঞ্চলিক কর্মকর্তাগণ। |

| | | | |
|---|---|---|---|
| ৬. | **বিদ্যুৎ সাশ্রয় প্রসংগে** | সদর দপ্তরের প্রেরিত "ছক" মোতাবেক তথ্য মাসিক ভিত্তিতে বিভাগীয় দপ্তরে প্রতিবেদন প্রেরণ করতে হবে। অযথা যাতে বিদ্যুৎ ব্যয় না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। নির্দেশনা অনুযায়ী বিদ্যুৎ সাশ্রয়ে সচেষ্ট থাকতে হবে। এসি সার্বক্ষনিক ব্যবহার বন্ধ রাখতে হবে, তবে সচল রাখার স্বার্থে মাঝেমধ্যে কিছু সময় চালু রাখতে হবে। অফিস কক্ষ ত্যাগ করার পূর্ব মুহূর্তে লাইট ফ্যান বন্ধ নিশ্চিত করে অফিস ত্যাগ করতে হবে। | বিভাগীয় অফিস ও খুলনা বিভাগের অধীনস্ত কৃষি বিপণন অধিদপ্তরের সকল জেলা এবং আঞ্চলিক কর্মকর্তাগণ। |
| ৭. | **সহকর্মী ও অধীনস্তদের সাথে আচার আচরন** | একই অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারীর মধ্যে আন্তরিক সম্পর্ক থাকতে হবে। এক্ষেত্রে সকলকে চেইন অফ কমান্ড ও অফিস শিষ্টাচার মেনে চলার সিদ্ধান্ত গৃহীত হয়। তবে একই সাথে অধীনস্ত কর্মচারীদের সাথে যাতে কোনরূপ দূর্ব্যবহার না করা হয় এবং অফিস চলাকালে কোন প্রকার গান বাজনা/ওয়াজ না শোনা হয় সে বিষয়েও সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | বিভাগীয় অফিস ও খুলনা বিভাগের অধীনস্ত কৃষি বিপণন অধিদপ্তরের সকল জেলা এবং আঞ্চলিক কর্মকর্তাগণ। |
| ৮. | **পরিস্কার পরিচ্ছনতা** | অত্র কার্যালয় সহ অধীনস্ত অফিস সমূহ নিয়মিত পরিস্কার রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সেবা গ্রহীতা সহ বাহিরের কোন অতিথি এসে যাতে অফিসের পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ে অভিযোগ করার মতো পরিস্থিতি না হয় সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে। | বিভাগীয় অফিস ও খুলনা বিভাগের অধীনস্ত কৃষি বিপণন অধিদপ্তরের সকল জেলা এবং আঞ্চলিক কর্মকর্তাগণ। |
| ৯. | **উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ পালন।** | কোন সরকারী নির্দেশনা পত্র পাওয়া গেলে তা ন্যূনতম ৪৮ ঘন্টার মধ্যে নথিতে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় অফিস ও খুলনা বিভাগের অধীনস্ত কৃষি বিপণন অধিদপ্তরের সকল জেলা এবং আঞ্চলিক কর্মকর্তাগণ। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় অংশ গ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
(সিফাত মেহনাজ)
উপপরিচালক (উপসচিব)
কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা।
ফোন-০২৪-৭৭৭০২৬৭৫
ই-মেইল- dd_khudiv@dam.gov.bd

স্মারক নম্বর- ১২.০২.০০৪০.২০০.১২.০০১.২০-৫৬০ — তারিখঃ ০৩/০৫/২০২৩খ্রিঃ

**বিতরণ: সদয় জ্ঞাতার্থে**

০১) মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ফার্মেগেট, খামারবাড়ি, ঢাকা।

**জ্ঞাতার্থে/কার্যার্থে**

০১) সহকারী পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা।
০২) সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, খুলনা/যশোর/কুষ্টিয়া।
০৩) সহকারী পরিচালক (প্রশিক্ষণ), খুলনা/যশোর/মাগুরা।
০৪) কৃষি বিপণন কর্মকর্তা, বাগেরহাট/মেহেরপুর/চুয়াডাঙ্গা/ঝিনাইদহ/সাতক্ষীরা/মাগুরা/নড়াইল।
০৫) আঞ্চলিক ব্যবস্থাপক, মাগুরা।
০৬) অফিস কপি।

০৩/০৫/২৩

(সিফাত মেহনাজ)
উপপরিচালক (উপসচিব)
কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা।

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# কৃষি বিপণন অধিদপ্তর
# উপপরিচালকের কার্যালয়
# খুলনা বিভাগ, খুলনা।

**বিভাগীয় দপ্তর অনুষ্ঠিত মে/২৩ মাসের দুর্নীতি বিরোধী সভার কার্যবিবরণী।**

সভাপতি: জনাব সিফাত মেহনাজ
উপপরিচালক(উপসচিব)
সভার তারিখ: ১১ মে, ২০২৩
সভর সময়: বেলা: ১১.০০ ঘটিকা
স্থান: সম্মেলন কক্ষ, কৃষি বিপণন ভবন, খুলনা।
উপস্থিতি: পরিশিষ্ট "ক"•

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানান। বিগত ডিসেম্বর মাসের দুর্নীতি বিরোধি সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কারযবিবরনীতে কোন সংশোধন/সংযোজন না থাকায় তা সর্বসম্মতি ক্রমে দৃঢ়করণ করা হয়। সভায় এ বিষয়ে সকল সদস্যের অংশগ্রহণে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| ১. | **শুদ্ধাচার ও সুশাসন প্রতিষ্ঠায় দুর্নীতি রোধ** | বিভাগীয়, জেলা ও আঞ্চলিক কার্যালয়ের কোন সেবাই যেন দুর্নীতির কারণে বাধাগ্রস্থ না হয় সে বিষয়ে সকল কর্মকর্তা/কর্মচারীগনকে আন্তরিকতার সহিত কাজ করতে হবে। বাজেটের অর্থসহ সরকারী অর্থ যাতে অযথা ব্যয় এবং তছরুফ যাতে না হয় সে বিষয়ে সজাগ থাকতে হবে। জেলা কার্যালয় সমূহ অধিদপ্তরের আইন ও বিধি বাস্তবায়রে ক্ষেত্রে যাতে সঠিক নিয়ম অনুসরন করে এবং এক্ষেত্রে যেন কোন নাগরিক হয়রানি না হয় সে বিষয়ে সচেতন থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় অফিস ও খুলনা বিভাগের অধীনস্ত কৃষি বিপণন অধিদপ্তরের সকল জেলা এবং আঞ্চলিক কর্মকর্তাগণ। |
| ২. | **দুর্নীতি না করা** | সকল কর্মকর্তা ও কর্মচারীরা সঠিকভাবে তাদের দায়িত্ব পালন করবে। সেবা প্রদান এর ক্ষেত্রে দাপ্তরিক কাজে কোনরকম দুর্নীতি করা যাবে না। | বিভাগীয় অফিস ও খুলনা বিভাগের অধীনস্ত কৃষি বিপণন অধিদপ্তরের সকল জেলা এবং আঞ্চলিক কর্মকর্তাগণ। |
| ৩. | **মানবিক ও বিবেচনাবোধ সম্পন্ন হওয়া** | সরকারী কর্মকর্তা ও কর্মচারীরা যেহেতু জনগনকে সেবা প্রদানের জন্য বেতন ভাতা পেয়ে থাকেন সুতরাং সঠিকভাবে সেবা প্রদান তাদের নৈতিক দায়িত্ব। নিজে অন্য দপ্তর থেকে যে ধরণের সেবা আশা করেন সে ধরনের সেবা জনগনকে নিশ্চিত করতে হবে। এ জন্য সকল কর্মকর্তা ও কর্মচারীকে মানবিক ও বিবেচনাবোধ সম্পন্ন হতে হবে। | বিভাগীয় অফিস ও খুলনা বিভাগের অধীনস্ত কৃষি বিপণন অধিদপ্তরের সকল জেলা এবং আঞ্চলিক কর্মকর্তাগণ। |
| ৪. | **অভিযোগ বাক্স স্থাপন** | সভাপতি জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কার্যক্রম শুরুর প্রথম দিকে প্রত্যেক অফিসে ০১টি অভিযোগ বাক্স স্থাপন এর সিদ্ধান্ত ছিল। বর্তমানে অনেক জেলা অফিসে এটা দেখা যাচ্ছে না। প্রতিটি জেলা ও আঞ্চলিক অফিসে অভিযোগ বাক্স পুন:স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় অফিস ও খুলনা বিভাগের অধীনস্ত কৃষি বিপণন অধিদপ্তরের সকল জেলা এবং আঞ্চলিক কর্মকর্তাগণ। |
| ৫. | **লিফলেট তৈরী** | ৪র্থ ত্রৈমাসিকে বিভাগীয় অফিস কর্তৃক ১০০০টি দুর্নীতি বিরোধী শ্লোগান সম্বলিত লিফৈলেট ছাপানোর সিদ্ধান্ত গ্রহীত হয়। | বিভাগীয় অফিস, খুলনা। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় অংশ গ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১/০৫/২৩


(সিফাত মেহনাজ)
উপপরিচালক (উপসচিব)
কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা।
ফোন-০২৪-৭৭৭০২৬৭৫
ই-মেইল- dd_khudiv@dam.gov.bd


স্মারক নম্বর- ১২.০২.০০৪০.২০০.১২.০০১.২০-৬০৩

তারিখঃ ১১/০৫/২০২৩খ্রিঃ

**বিতরণ: সদয় জ্ঞাতার্থে**

০১) মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

**জ্ঞাতার্থে/কার্যার্থে**

০১) সহকারী পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা।
০২) সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, খুলনা/যশোর/কুষ্টিয়া।
০৩) সহকারী পরিচালক (প্রশিক্ষণ), খুলনা/যশোর/মাগুরা।
০৪) কৃষি বিপণন কর্মকর্তা, বাগেরহাট/মেহেরপুর/চুয়াডাঙ্গা/ঝিনাইদহ/সাতক্ষীরা/মাগুরা/নড়াইল।
০৫) আঞ্চলিক ব্যবস্থাপক, মাগুরা।
০৬) অফিস কপি।